



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ  
বহরমপুর, রাজশাহী

পরিদর্শনের তারিখ: ০৯.১২.২০২৫

পরিদর্শনকৃত আওতাধীন দপ্তর: নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নওগাঁ-২ রিজিয়ন, পল্লীতলা, নওগাঁ


২০২৫-২০২৬ অর্থ বছর (দ্বিতীয় প্রান্তিক) এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ফোকাল পয়েন্ট কর্তৃক আওতাধীন দপ্তর পরিদর্শন প্রতিবেদন

**[(১.২) ত্রৈমাসিক ভিত্তিতে আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি তদারকির মাধ্যমে হালনাগাদ নিশ্চিতকরণ]**

মাঠ পর্যায়ে সিটিজেন চার্টার বাস্তবায়নের লক্ষ্যে ফোকাল পয়েন্ট হিসাবে নিম্নস্বাক্ষরকারী ০৯.১২.২০২৫ খি. তারিখ বেলা প্রায় ১১:৩০ টার সময় নওগাঁ-২ রিজিয়ন, পল্লীতলা, নওগাঁ দপ্তরে গমন করে। নওগাঁ-২ রিজিয়নাল দপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব শাহ মোহাম্মদ মঞ্জুরুল ইসলাম এর সাথে সাক্ষাৎ এবং মত বিনিময় করা হয়। সেখানে সিটিজেন চার্টার বিষয়ে রিজিয়নাল ও তাঁর আওতাধীন জোনাল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের নিয়ে আলোচনা করা হয়। ফোকাল পয়েন্ট সিটিজেন চার্টার নিয়ে তাঁর আলোচনাকালে বিভিন্ন বিষয় তুলে ধরেন এবং প্রেজেন্টেশনের মাধ্যমে প্রদর্শন করা হয়। আলোচনা শেষে সংশ্লিষ্ট রিজিয়ন দপ্তরের বিভিন্ন শাখা পরিদর্শন করা হয় এবং সিটিজেন চার্টার অনুযায়ী কাজ বাস্তবায়ন হচ্ছে কি না তা পর্যবেক্ষণ করা হয়। সিটিজেন চার্টার বিষয়ে সংশ্লিষ্ট ডকুমেন্ট ওয়েব পেজে আপলোড দেয়ার জন্য পরামর্শ প্রদান করা হয়। সিটিজেন চার্টারটি হালনাগাদ করে স্টেক হোল্ডার/উপকারভোগীদের সুবিধার জন্য দপ্তরের সম্মুখে টাংগানোর জন্য নির্বাহী প্রকৌশলীকে পরামর্শ প্রদান করা হয়। নওগাঁ-২ রিজিয়ন দপ্তরে অনুষ্ঠিত সভায় ও পরিদর্শনকালে নির্বাহী প্রকৌশলী-কে নিম্নোক্ত বিষয়ে পরামর্শ/নির্দেশনা প্রদান করেন।

মন্তব্য/সুপারিশ:

- ১। ফোকাল পারসন নিযুক্ত করে ওয়েব পেজে আপলোড দিতে হবে;
- ২। প্রথম প্রান্তিকে সভা করে সিটিজেন চার্টার আপডেট করতে হবে;
- ৩। সিটিজেন চার্টারটি হালনাগাদ করে সেবা গ্রহণকারীগণ সহজে দেখতে পারে এমন স্থানে/অফিসের সম্মুখে টাংগানোর ব্যবস্থা নিতে হবে;
- ৪। প্রতি প্রান্তিকে কমিটি পুনর্গঠন করে পত্র জারি করতে হবে;
- ৫। নিয়মিত প্রতি কোয়ার্টার ভিত্তিক সিটিজেন চার্টার বিষয়ে নিজ দপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের-কে নিয়ে সভা করতে হবে;
- ৬। সিটিজেন চার্টার নিয়ে সভা শেষে-প্রতিবেদন, সিদ্ধান্ত গ্রহণ করতে হবে (রেজুলেশন থাকতে হবে);
- ৭। সিদ্ধান্ত মোতাবেক কাজ বাস্তবায়ন করতে হবে এবং তা হচ্ছে কিনা সে বিষয়ে মাঝে মাঝে পর্যবেক্ষণ করতে হবে;
- ৮। মাঠ পর্যায়ের (জোন দপ্তরের) সকল জোনের সিটিজেন চার্টার বিষয়ে তদারকী করতে হবে;
- ৯। সিটিজেন চার্টার হালনাগাদকরণ করে প্রতিবেদনসহ আগামী ২৫.১২.২০২৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

  
(মোঃ মনিরুজ্জামান সনির)  
নির্বাহী প্রকৌশলী  
বিএমডিএ, রাজশাহী

ও

ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার বাস্তবায়ন।